



নির্যাতন বিরোধী কনসোর্টিয়ামের সাথে অধিকার এবং বৈষম্যবিরোধী ছাত্র প্রতিনিধিদের সভা

আজ, ২৩ ফেব্রুয়ারি ২০২৫, নির্যাতন বিরোধী কনসোর্টিয়ামের সদস্য এবং বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়করা নির্যাতন বিষয়ক আলোচনা এবং তাঁদের অভিজ্ঞতা বিনিময়ের জন্য অধিকার - এর কার্যালয়ে আসেন। অধিকার-এর সেক্রেটারী ড. সায়রা রহমান খান, পরিচালক এএসএম নাসিরউদ্দিন এলান, জ্যেষ্ঠ গবেষক তাসকিন ফাহমিনাসহ অধিকার-এর কর্মীরা এই সভায় উপস্থিত ছিলেন।

বাংলাদেশে ব্যাপকভাবে নির্যাতনের ঘটনা ঘটে। নির্যাতন প্রতিরোধ করার জন্য সংবিধান, পুলিশ এবং বিচার ব্যবস্থার কাঠামোগত সংস্কারের পাশাপাশি প্রচলিত আইনি কাঠামো বাস্তবায়নের প্রয়োজনীয়তা নিয়েও আলোচনা করা হয়। ১৯৯৪ সালে প্রতিষ্ঠার পর থেকে অধিকার বাংলাদেশে নির্যাতন, বিচারবহির্ভূত হত্যাকাণ্ড এবং গুমের বিরুদ্ধে সোচ্চার রয়েছে।

অধিকার-এর জ্যেষ্ঠ গবেষক তাসকিন ফাহমিনা বাংলাদেশে নির্যাতন এবং অধিকার-এর কর্মকাণ্ড বিষয়ে উপস্থাপনা করেন। অধিকার-এর পরিসংখ্যান অনুযায়ী, ২০০৯ থেকে ২০২৪ সালের মধ্যে মোট ১৮৯ জন নির্যাতনের কারণে মারা গেছেন, যদিও প্রকৃত সংখ্যা আরও বেশি বলে অনুমান করা হয়। নির্যাতন বিরোধী কনসোর্টিয়ামের সদস্যরা গ্রেপ্তারের সময় তিনটি মৌলিক ব্যবস্থা নিশ্চিত করার গুরুত্ব তুলে ধরেন – যেমন, গ্রেপ্তারের পর আইনজীবী পাওয়ার অধিকার, পর্যাপ্ত চিকিৎসা সেবা, এবং গ্রেপ্তার রেজিস্ট্রি বই ব্যবহার করে পরিবার ও তৃতীয় পক্ষকে অবহিত করা।